

**পরিবিধান (ইইউ) নম্বর ৬০৪/২০১৩, ২৬শে জুন ২০১৩ সংক্রান্ত তথ্য, যা দিয়ে সদস্য রাষ্ট্র সমূহের কোন একটিতে কোন তৃতীয় দেশের নাগরিক বা কোন রাষ্ট্রহীন ব্যক্তির (ডাবলিন III) দাখিল করা আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন পরীক্ষা করার দায়িত্বপ্রাপ্ত সদস্য রাষ্ট্র নিরূপনের লক্ষ্যে মানদণ্ড ও পদ্ধতি নির্ধারণ করা হয়েছে।**

আপনি অস্ট্রিয়াতে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন পেশ করেছেন। এর মানে এই নয় যে আপনার আশ্রয়ের বিবেচনা অবশ্যই অস্ট্রিয়াতেই অনুষ্ঠিত হবে। ডাবলিন III অনুসারে কিছু আইনী শর্ত পূরণ সাপেক্ষে, নিচের যেকোন একটি দেশ আপনার আশ্রয়ের আবেদন যাচাই করে দেখতে পারবে:

বেলজিয়াম, বুলগেরিয়া, জার্মানি, ডেনমার্ক, ফিনল্যান্ড, ফ্রান্স, গ্রীস, আয়ারল্যান্ড, আইসল্যান্ড, ইটালী, ক্রোয়েশিয়া, লিকটেনস্টাইন, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড, নরওয়ে, পর্তুগাল, রুম্যানিয়া, সুইডেন, স্পেন, যুক্তরাজ্য, এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, মাল্টা, পোল্যান্ড, স্লোভাক রিপাবলিক, স্লোভেনিয়া, সুইজারল্যান্ড, চেক রিপাবলিক, হাঙ্গেরী এবং সাইপ্রাস।

এর যেকোন একটি দেশ আপনার আশ্রয়ের আবেদন যাচাই করে দেখার জন্য দায়ী থাকলে এবং নিজেদের দায়িত্ব নিশ্চিত করলে, ফেডারেল এসাইলাম অফিস (ফেডারেল আশ্রয়ের অফিস) এই মর্মে সিদ্ধান্ত দেবে যে অস্ট্রিয়া আপনার আশ্রয় প্রক্রিয়ার জন্য দায়ী নয়। পরবর্তীতে আপনি নির্ধারিত একটি দেশে স্থানান্তরিত হবেন।

সুনির্দিষ্টভাবে নিম্নলিখিত ক্ষেত্রে আপনার আশ্রয়ের আবেদন যাচাই করে দেখার দায়িত্ব অন্য একটি দেশের উপর বর্তাবে:

- পরিবারের একজন সদস্য (স্বামী/স্ত্রী, সহবাসকারী, নাবালক অবিবাহিত সন্তান; যদি আপনি নিজেই নাবালক বলে প্রমাণিত হোন: পিতা, মাতা বা অন্য প্রাপ্তবয়স্ক এবং আইন বা সদস্য রাষ্ট্রের সাধারণ নীতি মার্কিন প্রতিনিধি) যিনি উপরের কোন রাষ্ট্রে ইতিমধ্যে আন্তর্জাতিক সুরক্ষার সুবিধাভোগী অথবা সেখানে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করেছেন যার জন্য যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক সিদ্ধান্ত এখনও অপেক্ষমান।
- উপরের কোন রাষ্ট্র থেকে আপনাকে বসবাসের অনুমতি সম্বলিত কাগজ দেয়া হয়েছে অথবা এখানে প্রবেশের সময় আপনার কাছে উপরের কোন রাষ্ট্রের কূটনৈতিক দপ্তরের দেয়া ভিসা ছিল।
- ইউরোপে প্রবেশের জন্য উপরের কোন রাষ্ট্র দিয়ে আপনি ভ্রমণ করেছেন অথবা সেখানে প্রবেশের পর আপনি পাঁচ মাসের বেশী সময় অবস্থান করেছেন।
- অস্ট্রিয়াতে প্রবেশের আগে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য উপরের কোন রাষ্ট্রে আবেদন পত্র জমা দিয়েছেন (ইউরোডাক অনুসন্ধানের মাধ্যমে এটা নিশ্চিত করা যাবে)।

যদি আলামতের ভিত্তিতে দেখা যায় যে উপরের কোন রাষ্ট্র আপনার মামলা অনুসন্ধানের জন্য দায়ী, তাহলে আপনার আশ্রয় আবেদন জমা পড়ার পর তিন মাসের মধ্যে আপনাকে প্রবেশের অনুমতি দেয়ার জন্য ফেডারেল রাজনৈতিক আশ্রয় অফিস সেই রাষ্ট্রের কাছে আবেদন করতে পারে। যে রাষ্ট্রের কাছে প্রবেশের অনুমতি দেয়ার জন্য আবেদন করা হবে তাতে সেই রাষ্ট্র দুই মাসের মধ্যে সাড়া দিতে বাধ্য। যদি এই সময়ের মধ্যে কোন উত্তর পাওয়া না যায়, সাধারণত ধরে নেয়া হয় যে প্রবেশের অনুমতির আবেদন মঞ্জুর করা হয়েছে। উপরের কোন রাষ্ট্রের কাছে যদি রাজনৈতিক আশ্রয় চেয়ে ইতিমধ্যে আবেদন করে থাকেন, আপনার ক্ষেত্রে সংক্ষিপ্ত প্রক্রিয়ার বিষয়টি প্রযোজ্য হবে।

যদি প্রবেশের অনুমতির আবেদন নিশ্চিতভাবে মঞ্জুর না হয়ে থাকে, তাহলে আপনার আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন অস্ট্রিয়াতে যাচাই করা হবে।

যদি প্রবেশের অনুমতির আবেদন মঞ্জুর হয়ে থাকে, আপনি আপীল প্রক্রিয়ার নির্দেশনাসহ আমাদের সিদ্ধান্ত জানতে পারবেন এবং আপনাকে দায়িত্বপ্রাপ্ত সদস্য রাষ্ট্রের কাছে তাদের স্বীকৃতি পেয়ে প্রেরণ করা হবে। সদস্য রাষ্ট্র তখন আপনার আশ্রয়ের জন্য বাস্তবিক বিষয়গুলো বিবেচনা করবে।

ফেডারেল রাজনৈতিক আশ্রয় অফিসের দাখিল করা আবেদনের পরিপ্রেক্ষিতে অন্য রাষ্ট্রের তা মঞ্জুর করার ছয় মাসের মধ্যে মূলত আপনাকে প্রেরণ করার কাজ শেষ করতে হবে, অন্যথায় আপনার আশ্রয়ের আবেদন যাচাইয়ের দায়িত্ব অস্ট্রিয়াকেই আবার দেয়া হবে। কিছু কিছু ক্ষেত্রে এই সময়টা বাড়ানো হতে পারে, যেমন, আপনি যদি বদলি এড়াতে চান। আপনার যদি চিকিৎসার নির্দিষ্ট প্রয়োজন থাকে, অস্ট্রিয়া সে তথ্য দায়িত্বপ্রাপ্ত সদস্য রাষ্ট্রকে আপনাকে বদলির আগে আপনার লিখিত অনুমতি নিয়ে জানিয়ে দেবে।